



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৪ জানুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

মিঠুন চাকমাকে পার্টি অফিসে শেষ শ্রদ্ধা নিবেদনের সিদ্ধান্তে অটল রয়েছে ইউপিডিএফ

আজ ৪ জানুয়ারী ২০১৮ (বৃহস্পতিবার) সন্ধ্যা ৭টার দিকে খাগড়াছড়ি সদর থানার ওসি তারেক মাহমুদ আব্দুল মান্নান শহরের অর্পণাচরণ পাড়াস্থ শহীদ মিঠুন চাকমাদের বাড়িতে গিয়ে তাঁর মরদেহ ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) কার্যালয়ে নিয়ে আসতে দেয়া হবে না মর্মে পরিবারের সদস্যদের যে মৌখিক নির্দেশনামা দিয়ে এসেছে তার তীব্র নিন্দা ও জানিয়েছে ইউপিডিএফ। এবং তা নাখোশ করে দিয়ে আগামীকাল ৫ জানুয়ারী (শুক্রবার) মিঠুন চাকমার শেষ শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠান পূর্বে ঘোষিত স্থানে করার সিদ্ধান্তে অটল রয়েছে।

আজ রাত পৌনে ১০টার দিকে সংবাদ মাধ্যমে পাঠানো এক জরুরী বিবৃতিতে দলটির পক্ষ থেকে এ ঘোষণা দেয়া হয়।

বিবৃতিতে বলা হয়, খাগড়াছড়ি সদর থানার ওসি হত্যাকারীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করে উল্টো মিঠুন চাকমার মরদেহকে নিয়ে যে টালবাহানা শুরু করেছেন তাতে শহীদ রমেল চাকমার ঘটনা স্মরণ করিয়ে দিচ্ছে। তাঁর এই অন্যায় নিষেধাজ্ঞা শোকার্ত জনতাকে ক্রোধান্বিত করে তুলবে। এর ফলে যদি কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি উদ্ভব হয় তাতে ওসি তারেক মাহমুদ আব্দুল মান্নান তথা প্রশাসন-সরকার দায়ি থাকবে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।